

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি.অনুবিভাগ  
প্রবিধি -২ অধিশাখা  
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩৩.০১১.১৩-১০৫

তারিখঃ-----  
০৭/০৩/১৪২৩বঙ্গাব্দ  
২১/০৬/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের সদস্যগণের জন্য সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গঠিত অনধিক ৩(তিন) সদস্য বিশিষ্ট বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের (Expert pool) সদস্যগণকে প্রতি সভায় অংশ গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তে জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সম্মানী প্রদানে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো :

শর্তাবলি :

- (ক) বিশেষজ্ঞ পুলের শুধু বহিরাগত সদস্যগণ (অবসরপ্রাপ্ত সচিব বা দপ্তর/সংস্থা প্রধান) এ সম্মানী প্রাপ্য হবেন ;
- (খ) সুনির্দিষ্ট এজেন্ডার ভিত্তিতে আয়োজিত সভার বিপরীতে এ সম্মানী প্রদেয় হবে ;
- (গ) প্রাপ্যতা নিশ্চিত হয়ে সম্মানী প্রদান করতে হবে ; এবং
- (ঘ) সম্মানী প্রদানে কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হলে পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

  
(মোঃ গোলাম মোস্তফা)

উপ-সচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইলঃ gmostofa @ finance.gov.bd

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(এতে মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮২১.২৯.০৪৯.১৫.২৮২, তাং-২৯/০৪/২০১৬ খ্রিঃ এর সংশ্লিষ্টতা রয়েছে)।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি।